দৈনিক বাংলা

তারিখ ... ২১।১২।৮৩ ...
পৃষ্ঠা ... ৪ কলাম ৫ ...

018

## বেসরকারী শিক্ষকদের বেতনের দ্বিতীয় কিস্তির চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষক ও কর্মচারীদের বেতন ও মহার্ঘ ভাতা বাবদ চলতি অর্থ বছরের সেপ্টেম্বর, অক্টোবর ও নবেম্বর মাসের দ্বিতীয় কিস্তির সরকারী অনুদান মোট ১৫ কোটি ৮৪ লাখ ৩৫ হাজার ৪৭৯ টাকা ছাড় করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সোনালী, অগ্রণী ও জনতা ব্যাংক কর্তৃপক্ষের কাছে ২০শে ডিসেম্বর উপরোক্ত টাকার তিনটি চেক হস্তান্তর করা হয়। খবর তথ্য বিবরণীর।

ব্যাংক কর্তৃপক্ষকে দেশের প্রায় ১২ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের মধ্যে এই অনুদানের টাকা আগামী ১৫ দিনের মধ্যে বিলি করার পরামর্শ দেয়া হয়েছে। এ ব্যাপারে দেশের সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে নিজ নিজ এলাকার স্থানীয় ব্যাংক শাখার সাথে যোগাযোগ করতে বলা হয়েছে।

এবার পূর্বের তুলনায় সরকারী অনুদান বিতরণ পদ্ধতি অধিকতর যুক্তিসঙ্গত ও সহজ করা হয়েছে। ফলে, প্রত্যেক কিস্তির পরিবর্তে বছরের শুরুতে কেবল মাত্র একবার অঙ্গীকার পত্র (ডিড অব একচেঞ্জ) সংশ্লিষ্ট ব্যাংকে উপস্থাপন করতে হবে। তবে প্রদেয় বার্ষিক অনুদানের সম্ভাব্য পরিমাণ প্রথমে উপস্থাপিত অঙ্গীকার পত্রে অবশ্যই উল্লেখ থাকতে হবে।

তৃতীয় কিস্তির টাকা যথা সময়ে ছাড় করার জন্যে সংশ্লিষ্ট সকলকে আগামী বছর ৩১শে জানুয়ারীর মধ্যে দ্বিতীয় কিস্তির টাকা তুলে নেবার জন্যে বিশেষ অনুরোধ জানানো হয়েছে।